

নম্বর: ৪৬.০০.৪১০০.০৪২.৯৯.০৪৫.১৯.১৯৪১

তারিখ: ৩১ ভাদ্র ১৪২৮
১৫ সেপ্টেম্বর ২০২১

অফিস আদেশ

যশোর জেলা পরিষদের প্রশাসনিক ও উন্নয়ন কার্যক্রমে বিভিন্ন অনিয়ম সংঘটিত হচ্ছে মর্মে স্থানীয় সরকার বিভাগের উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট বিভিন্ন অভিযোগ করা হয়েছে। উক্ত অভিযোগসমূহ জরুরি ভিত্তিতে তদন্তপূর্বক প্রতিবেদন দাখিলের জন্য নিম্নবর্ণিত কর্মকর্তা সমন্বয়ে তদন্ত কমিটি গঠন করা হলো:

ক্রমিক	কর্মকর্তার নাম-পদবী	
১.	জনাব মোঃ নাজমুল হুদা সিদ্দিকী, যুগ্মসচিব (অডিট অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ	- আহ্বায়ক
২.	পরিচালক, স্থানীয় সরকার, খুলনা	- সদস্য
৩.	উপসচিব (প্রশাসন-১), স্থানীয় সরকার বিভাগ	- সদস্য

কমিটির কার্যপরিধি (ToR):

- (ক) ২০১৬ সাল হতে বর্তমান সময় পর্যন্ত এডিপি বরাদ্দ এবং রাজস্ব খাতের অর্থায়নে প্রকল্প/ স্কিম গ্রহণ ও বাস্তবায়ন প্রক্রিয়া নিবিড় পর্যালোচনা;
- (খ) প্রকল্প/ স্কিমসমূহ বাস্তবায়নের ক্ষেত্রে পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬, পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮, স্থানীয় সরকার বিভাগের ১২ এপ্রিল ২০১৮ তারিখের ৪৬.০০.৫১০০.০৪২.১৪.০৮৫.১৭.৫৫৫ নং পরিপত্র এবং ০৭ জানুয়ারি ২০২০ তারিখের ৪৬.০০.০০০০.০৪২.২০.০০৫.১৯-২০নং পরিপত্রের নির্দেশনাসমূহ যথাযথ প্রতিপালন করা হয়েছে কিনা, তা যাচাই করা;
- (গ) দৈবচয়নের ভিত্তিতে বিভিন্ন বছরের কিছু প্রকল্প/ স্কিম বাস্তবায়নের অগ্রগতি সরেজমিন পরিদর্শনপূর্বক বাস্তবায়নের হার, কাজের মান সম্পর্কিত প্রতিবেদন দাখিল করা;
- (ঘ) এছাড়াও, অন্যান্য কোন অনিয়ম পরিলক্ষিত হলে, এ এসম্পর্কিত প্রতিবেদন প্রেরণ।



১৫-৯-২০২১

মোহাম্মদ তানভীর আজম ছিদ্দিকী
উপসচিব

ফোন: ৯৫৭৫৫৬৮

ইমেইল: lgzp@lgd.gov.bd

নম্বর: ৪৬.০০.৪১০০.০৪২.৯৯.০৪৫.১৯.১৯৪১/১

তারিখ: ৩১ ভাদ্র ১৪২৮
১৫ সেপ্টেম্বর ২০২১

অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল:

- ১) অতিরিক্ত সচিব, প্রশাসন অনুবিভাগ, স্থানীয় সরকার বিভাগ
- ২) যুগ্মসচিব, প্রশাসন অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ
- ৩) জনাব মোঃ নাজমুল হদা সিদ্দিকী, যুগ্মসচিব, অডিট অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ ও আহ্বায়ক, উক্ত তদন্ত কমিটি।
- ৪) মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, স্থানীয় সরকার বিভাগ
- ৫) উপসচিব, প্রশাসন -১, স্থানীয় সরকার বিভাগ ও সদস্য, উক্ত তদন্ত কমিটি।
- ৬) পরিচালক (চলতি দায়িত্ব), স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, খুলনা
- ৭) উপ পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, যশোর ও সদস্য, উক্ত তদন্ত কমিটি।
- ৮) প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, যশোর
- ৯) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, স্থানীয় সরকার বিভাগ



১৫-৯-২০২১

মোহাম্মদ তানভীর আজম ছিদ্দিকী
উপসচিব